৩।

তাহার অংশে থাকিবে ও পাইবে তাহার পূর্ব দিকের খালি জমিতে যাহার পরিমান ৯'x ৩" ৬'x ৮" তাহাতে সিমার ব্যবহার করিয়া দোতলায় কোঠা নির্মান করিয়া তাহা ব্যবহার করিতে পারিবে। এবং তাহার নীচে অর্থাৎ ৯' x ৩" ৬'x ৮" জমি আমার দ্বিতীয় পুত্র শ্রী অনাদি নাথ বন্দ্যোপাধ্যায় বংশানুক্রমে যথেচ্ছাভাবে ভোগ দখল করিবে (৮) আমার তৃতীয় পুত্র শ্রী অসীম কুমার বন্দ্যোপাধ্যায় সম্বন্ধে আমি জানিতে পারি যে সে মধ্যপ্রদেশে তার চাকরীস্থলে ঐ দেশীয় মহিলাকে লইয়া বসবাস করিতেছে ও তাহাদের নাকি দুই একটি সন্তান ও হইয়াছে ইহা শুনিয়া আমি খুব মর্মাহত হইয়াছি কিন্তু পিতা হিসাবে আমার কিছু দেওয়া কর্তব্য বলিয়া তাহাকেও ঐ সম্পত্তির কিছু অংশ দিব বলিয়া মনস্থির করিয়াছি সেমতে আমার উক্ত সম্পত্তির পূর্ব দিকের খালি জমি যাহার পরিমান ১৭'x ২০' ও তৎসংলগ্ন পশ্চিম দিকের ৭'x ১২' পায়খানার কোঠা ও ৩'x১২' বাথরুম পায়খানা সমেত আমার তৃতীয় পুত্র অসীম কুমার বন্দ্যোপাধ্যায় পাইবে কিন্তু ইহাও প্রকাশ থাকে যে তাহার অংশে সেই মহিলাকে লইয়া বসবাস করিতে পারিবে না বা এমন কোন কাজ করিবে না যাহাতে অন্য পুত্রদের আত্মসম্মান বিঘ্নিত হয় এবং তাহার অংশ কোন অবস্থায় দান বিক্রয় করিতে পারিবে না তাহা জীবন স্বত্ব ভোগ দখল করিবে। যদি আমার তৃতীয় পুত্রের আকস্মিক মৃত্যু হয় তাহা হইলে উক্ত সম্পত্তি তাহার -

৩৫৮ স্বাঃ-
তুলসী মোহন বন্দ্যোপাধ্যায়

District Judge

SEAL OF THE DISTRICT JUDGE'S COURT NORTH 24 PGS. DISTRICT

M/S. KAJAL SAMADDAR
Proprietor

স্বাঃ অমূল্য শেখর নাথ।

363

340
484

২।

দিবার প্রয়োজন মনে করি না আমার জীবনান্তে আমার স্ত্রী সমস্ত স্থাবর সম্পত্তি যাহা তপশীলে উল্লেখ আছে তাহার স্থল আমা মালিকানা ও দখলকার হইবে এবং আমার স্ত্রী লক্ষ্মী দেবী কে আমার মৃত্যুর পর পুত্ররাই তাহাদের দায়ীত্বে সমস্ত ভরন পোষনাদির ব্যবস্থা করিবে এবং করিতে হইবে। এবং আমার স্ত্রীর মৃত্যুর পর আমার যাবতীয় স্থাবর সম্পত্তি নিম্নলিখিত মতে আমার পুত্ররা যার যার অংশ উল্লেখ মতে ভোগ দখল করিবে ও পাইবে।

(1) আমার বড় পুত্র ডাঃ অরুন উদয় বন্দ্যোপাধ্যায় আমার স্থাবর সম্পত্তি নিম্ন বাটি যাহা জেলা ২৪ পরগণা থানা টিটাগড় খতিয়ান নং ৩৬ ও ১৮৪০ নং দাগ সোয়া চার কাঠা অবস্থিত উক্ত সম্পত্তির ১৩x ১২' পরিমাপের কোঠাটি ও তৎসংলগ্ন ৩'x৬" সাধারণ পথ রাখিয়া দক্ষিন দিকের খালি জমি যাহার পরিমান আনুমানিক ১৭'x ৬" x ৩৩' ০০ পাইবে এবং তাহার দক্ষিণ দিকে ৪' কমন প্যাসেজ থাকিবে তাহা সকলেই ব্যবহার করিতে পারিবে।

(2) আমার দ্বিতীয় পুত্র শ্রী অনাদি নাথ বন্দ্যোপাধ্যায় আমার এই সম্পত্তির দোতলায় তাহার নিজ অর্থে নির্মিত দুইটি কোঠা ও তৎসংলগ্ন পূর্ব দিকের বারান্দা ও বাথরুম, পায়খানা তৈয়ারী হইয়াছে তাহা পাইবে তাহা ছাড়া দোতলায় উঠিবার সিঁড়ির মত ও সিঁড়ি

SEAL OF THE DISTRICT JUDGE'S COURT ★ NORTH 24 PGS. BARASAT

M/S. KAJAL SAMADDAR
Proprietor

শ্রী অমূল্য শেখর নাথ।

৪।

ভাইয়েদের উপর বর্তাইবে এবং যদি এমন আর্থিক অনটন ঘটে বিক্রয় ছাড়া উপায় থাকে না তবে তাহা আমার অন্যান্য পুত্রদের কাছে বিক্রয় করিতে হইবে। তাহার অবর্তমানে ঐ সন্তানরা কোন মতেই উক্ত সম্পত্তির মালিক হইতে পারিবে না ভোগ দখল করিতে পারিবে না।

(৫) আমার চতুর্থ পুত্র শ্রী অনন্ত কুমার বন্দ্যোপাধ্যায় আমার বড় পুত্রের কোঠার পূর্ব দিকের ১৬'X ১২' পরিমাপের কোঠা এবং তৎসংলগ্ন পাকের ঘর ও বারান্দা যাহার পরিমান আনুমানিক ৭'X ৮' এবং বারান্দা ৩'X ৭' এবং পূর্ব্ব দিকের খালি জমি যাহার পরিমাপ ২৯'X ৬" —— ১৯'X ৭" যাহার উত্তর দিকে আমার তৃতীয় পুত্রের খালি জমি অবস্থিত তাহা পাইবে এবং সকলেই যার যার উপরি উক্ত অংশ নিব্যূঢ় স্বত্বে ভোগ দখল করিবে এবং আবশ্যক মতে আমার তৃতীয় পুত্র বাদে সকলেই ভোগ দখল করিবে ও দান বিক্রয় করিতে পারিবে। তবে আমার তৃতীয় পুত্র আমার সর্তাবলী মানিয়া চলিলে তাহা ভোগ দখল করিতে পারিবে। ইহাও প্রকাশ থাকে যে আমার স্ত্রী শ্রীমতী লক্ষ্মী দেবী জীবিত থাকা কালীন আমার সমস্ত সম্পত্তির মালিকানি হইবে এবং তাহার মৃত্যুর পর আমার উইলে বর্ণিত অংশ আমার পুত্ররা পাইবে।

ইহাই আমার শেষ উইল। —— আমি আমার বড় পুত্র শ্রী অরুন উদয় বন্দ্যোপাধ্যায়কে আমার উইলের একজিকিউটর নিযুক্ত করিলাম আমার ও আমার স্ত্রীর মৃত্যুর পর অত্র উইলের প্রবেট লইয়া -

SEAL OF THE DISTRICT JUDGE'S COURT ... 24 PGS, BARASAT

S. KAJAL SAMADDAR
Proprietor

[illegible]

সই স্বাঃ- শ্রী ভূপতি মোহন বন্দ্যোপাধ্যায়
২০-৭-৮৮

District Judge, North 24-Parganas, Barasat
19.5.99

৩।

আমার সম্পত্তির রক্ষণাবেক্ষণ করিবেন এবং অন্যান্য পুত্রদের মধ্যে যখন তাহাদের প্রাপ্য অংশ আলাদা করিয়া দিতে বলিবে তখন তাহাদের অংশমত সম্পত্তি বিভাগ করিয়া দিবে। তিনি বর্তমানে এসিসট্যান্ট সার্জন 17 ইন্ডিয়া (বিলাসপুর) মধ্যপ্রদেশে চাকুরী করিতেছেন এবং তাহা সরকারী চাকুরী। আমার মৃত্যুর পর এই উইল কার্যকরী হইবে।

এতদর্থে অন্যের বিনানুরোধে স্বেচ্ছায় সজ্ঞানে উইলের মর্ম সবিশেষ অবগত হইয়া অত্র চরম উইল দস্তখত করিলাম। ইতি তারিখ বাংলা সন ১৩৯৫ সালের ৪ঠা শ্রাবন — ইংরাজী সন ১৯৮৮ সালের ২০ শে জুলাই

সই স্বাঃ-
শ্রী ভূপতি মোহন বন্দ্যোপাধ্যায়

শ্রী ভূপতি মোহন বন্দ্যোপাধ্যায়

সই স্বাঃ-
শ্রী ভূপতি মোহন বন্দ্যোপাধ্যায়

স্থাবর সম্পত্তির তপশীল

দ্বিতল বাটি যাহা জেলা ২৪ পরগণা থানা টিটাগড় ব্যারাকপুর মিউনিসিপ্যালিটির অন্তর্গত নর্থ আনন্দপুরি হোলডিং নং ৩৬ ঠাকুর রামকৃষ্ণ রোড ব্যারাকপুর সোনা চন্দন পুকুর ওয়ার্ড নং ৩ এ অবস্থিত এবং উক্ত সম্পত্তি ৩৬ নং খতিয়ান ভুক্ত ১৮৪০ নং দাগ সোয়া চার কাঠা জমি অবস্থিত ও তৎউপরিস্থিত দোতলা বাড়ী।

SEAL OF THE DISTRICT JUDGE'S COURT ★ NORTH 24 PGS. BARASAT ★

সই স্বাঃ-
শ্রী ভূপতি মোহন বন্দ্যোপাধ্যায়

ইসাদি -
সই 1) Shyamal Choudhury
c/o. Dr. D. R. Choudhury
East Chandanpukur Anandapuri
P.O. Nona Chandanpukur
সই ২) প্রতিমা চৌধুরী, ব্যারাকপুর
২৪ পরগণা নর্থ।

টাইপকারক -
স্বাঃ -
শ্রী অমূল্য শেখর নাথ।

District Judge, North 24-Parganas, Barasat
19.5.99

M/S. KAJAL SAMADDAR
Proprietor